

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলতলা, খুলনা
www.fultola.khulna.gov.bd

বিষয় : ফুলতলা,খুলনা উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খোশনুর রুবায়েৎ, উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা এর অফিস কক্ষ।

সভার তারিখ : ০৮-১২-২০২২ খ্রি. সময়: সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরণী এবং বর্তমান সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ফুলতলা উপজেলা ওয়েব পোর্টালসহ উপজেলাধীন ০৪ টি ইউনিয়ন ওয়েব পোর্টালের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল সমূহের অসম্পূর্ণতা দ্রুত সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), ফুলতলা, খুলনা।
০২	ফুলতলা উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), ফুলতলা, খুলনা।
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), ফুলতলা, খুলনা।
০৪	ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উপলক্ষে সার্বিক প্রযুক্তি গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, শিক্ষা অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার, ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ (সকল), ফুলতলা, খুলনা।
০৫	দাপ্তরিক সকল কার্যক্রম ই-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল অফিস ই-নথি সিস্টেমে নেই তাদেরকে তাদেরকে সিস্টেমে অন্তর্ভুক্তির বিষয়ে বিস্তারিত পদক্ষেপ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), ফুলতলা, খুলনা।
০৬	উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম (MMC) কার্যক্রমের তথ্য মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম (mmc.e-service.gov.bd) তে আপলোড করার ও নিয়মিত মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস নেওয়া হচ্ছে কিনা এবং শিক্ষা প্রতিষ্ঠান mmc তে আপলোড করছে কিনা তা মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।

০৭	ফুলতলা উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইনে পর্চা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ ফুলতলা, খুলনা।
০৮	প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা Facebook এ কোন বিকৃত পোস্ট/ মন্তব্য না করা এবং Facebook ব্যবহারের নীতিমালা অনুসরণ করে পোস্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল), ফুলতলা, খুলনা।
০৯	উপজেলাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব/মাল্টিমিডিয়া ক্লাসরুম আছে তা নিয়মিতভাবে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা খুলনা।

সবশেষে আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশ গ্রহণের আহবান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

খোশনুর বুবাইয়াৎ

উপজেলা নির্বাহী অফিসার

ফুলতলা, খুলনা

E-mail: unofultola4769@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।
২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলতলা, খুলনা।
২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ফুলতলা, খুলনা।
৩. চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা ইউনিয়ন পরিষদ, ফুলতলা, খুলনা।

স্মারক নং: ০৫.৪০.৪৭৬৯.০১১.০২.০১২.২২-৬১০(১)

তারিখ: ০৮-১৯-২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৬., ফুলতলা, খুলনা।
৭. অফিস কপি।


6/10/2022

খোশনুর বুবাইয়াৎ

উপজেলা নির্বাহী অফিসার

ফুলতলা, খুলনা

E-mail:

unofultola4769@gmail.com